123

দৈনিক ইত্তেফাক

তারিখ 1 APR 1998

পৃষ্ঠা ১ কলাম ৭

# এসএসসি পরীক্ষার আগের দিন হরতাল ॥ পরীক্ষার্থীরা উদ্বিগ্ন

রেজানুর রহমান ॥ দেশের ৫টি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার আর মাত্র ৪দিন বাকী। এইবার সারাদেশে প্রায় ১০ লক্ষ ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ নিবে। পরীক্ষা শুরু হইবে ১৬ই এপ্রিল। আগের দিন অর্থাৎ ১৫ই এপ্রিল সারাদেশে হরতালের কর্মসূচী থাকায় পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উৎকণ্ঠা দেখা দিয়াছে। বলাবাহুল্য ১৪ই এপ্রিল ১লা বৈশাখ সরকারী ছুটির দিন। অনেকের আশংকা, হরতালের কারণে ঢাকা হইতে সারাদেশে প্রশ্নপত্র প্রেরণের ক্ষেত্রে সমস্যা দেখা দিতে পারে। শিক্ষা মন্ত্রণালয় ও বিভিন্ন বোর্ডের কর্মকর্তাবৃন্দ এই আশংকাকে গুরুত্ব দেন নাই। তাহাদের মতে, প্রশ্নপত্র প্রেরণ ও বিতরণের ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিবে না। তবে পরীক্ষার আগের দিন হরতাল থাকার কারণে পরীক্ষার্থীরা মানসিক অশান্তিতে পড়িবে। এইবার প্রতিটি থানা শহরে পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হইয়াছে। দেশে গ্রামাঞ্চলের অধিকাংশ পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রের আশেপাশে আত্মীয়-স্বজনের বাড়ীতে থাকিয়া পরীক্ষা দেয়। সাধারণতঃ পরীক্ষার আগের দিন বাবা-মা, ভাই-বোনের নিকট হইতে বিদায় নিয়া তাহারা পরীক্ষা দেওয়ার জন্য চলিয়া আসে। এইবার পরীক্ষার আগের দিন হরতাল থাকায় দুইদিন আগে পরীক্ষা কেন্দ্রের

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষার

(প্রথম পৃঃ পর)

পাশাপাশি থাকার জন্য আসিতে হইবে। এই ক্ষেত্রে মনের বিরুদ্ধে জোর খাটাইতে হইবে। পরীক্ষার আগের দিন প্রশাসনিক পর্যায়ে মূলতঃ একাধিক মিটিং থাকে। এইবার ১৯৯৭ এবং ১৯৯৮ দুই সিলেবাসের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হইবে। পুরানো এবং নূতন ব্যাচের পরীক্ষার্থীর রোল নম্বর বসাইতে হইবে একই বেঞ্চে। নূতন সিলেবাসের পরীক্ষার্থীরা সকালে এবং পুরাতন সিলেবাসের পরীক্ষার্থীরা বিকালে পরীক্ষা দিবে। এই ক্ষেত্রে সীট প্লান অনুযায়ী ঠিকমত রোল নম্বর বসানো হইয়াছে কিনা তাহা দেখার জন্য পরীক্ষার আগের দিনটি খুবই গুরুত্বপূর্ণ। ঢাকার একটি স্কুলের প্রধান শিক্ষক বলিলেন, নগরীতে ১৯টি জোনে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এক একটি জোনে ৫ হইতে ১০টি পর্যন্ত উপকেন্দ্র রহিয়াছে। প্রতিটি কেন্দ্রে সীট প্লান অনুযায়ী রোল নম্বর বসানো এবং তদারকি করার জন্য পরীক্ষার আগের দিনটি খুবই জরুরী ছিল। তিনি বলেন, উদ্ভূত পরিস্থিতিতে হয়ত কোন কিছুই থামিয়া থাকিবে না। যথাসময়ে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। কিন্তু পরীক্ষার্থীদের মানসিক দুশ্চিন্তাতো আমরা দূর করিতে পারিব না।